তারিখ 25 OCT 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

জগন্নাথ কলেজ প্রসঙ্গে

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ আজ নানা সমস্যায় জর্জরিত। কলেজটিতে প্রায় ১৫/১৬টি বিষয়ে সম্মানসহ মাষ্টার্স ডিগ্রী চালু আছে। কলেজের বিভিন্ন সমস্যার মধ্যে উল্লেখযোগ্য হইতেছে শিক্ষকের স্বল্পতা, আসবাবপত্রের অভাব, হোষ্টেলের অভাব, আর যাতায়াত সমস্যা। জগন্নাথের মত একটি বড় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসাবে ঘোষণা দেওয়ার জন্য অনুরোধ জানাইতেছি। ইসলামী বিশ্ববিদ্যালয় যেহেতু কুষ্টিয়ায় স্থানান্তরিত হইবে, তাই ইসলামী বিশ্ববিদ্যালয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্থানান্তর করার জন্যও কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ শফিকুল ইসলাম (অনি),
কালিয়াপাড়া, শাহরাস্তি, চাঁদপুর।